



## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)

৮ রাজউক এডিনিউ, ঢাকা।

www.icb.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.১১.০২৪.২৪. ১০০১

তারিখ: ২২ ডিসেম্বর ২০২৪

### বিজ্ঞপ্তি

#### ‘সিনিয়র অফিসার (জেনারেল)’ গ্রেড-৯ পদে নিয়োগের নিমিত্ত রিপোর্টিং প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের ১০ ডিসেম্বর ২০২৪ তারিখের বিজ্ঞপ্তি নং- ১৮৮/২০২৪ এর মাধ্যমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর ২০২১ সাল ভিত্তিক ‘সিনিয়র অফিসার (জেনারেল)’ (গ্রেড-৯) পদে প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদের অনুকূলে রিপোর্ট করার নিমিত্ত পত্র ইস্যু করা হয়েছে:

৩৮৬১৫৫, ৩৭৯২৭২, ৩৭১০৮৭, ৪৮১৪৭৯, ৪৭৬৪৫৮, ৩৪১৫২৪ = ০৬ জন

০২। বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদের কর্পোরেশনের ওয়েবসাইট (www.icb.gov.bd) হতে পুলিশ ভেরিফিকেশন রোল ফরম ডাউনলোডকরতঃ যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্রাদি ক্রমানুসারে সংযুক্ত করে আগামী ০১ জানুয়ারি ২০২৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সহকারী মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪), ৮ রাজউক এডিনিউ, ঢাকা এর নিকট রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো:

- ১) রোল নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল অ্যাড্রেস উল্লেখপূর্বক ‘সিনিয়র অফিসার (জেনারেল)’ পদে যোগদানে ইচ্ছুক মর্মে স্বহস্তে লিখিত আবেদনপত্র;
- ২) সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি (ল্যাব প্রিন্ট);
- ৩) বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত প্রবেশপত্র;
- ৪) আবেদনকালীন চলমান ডিগ্রি/আবেদন পরবর্তীকালীন সম্পাদিত স্নাতকোত্তর/সমমান ডিগ্রির সনদের সত্যায়িত কপি;
- ৫) অনলাইন আবেদনে উল্লিখিত সর্বশেষ অর্জিত ডিগ্রির সপক্ষে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত কপি;
- ৬) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত কপি;
- ৭) প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি;
- ৮) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং
- ৯) বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বিবেচ্য প্রমাণক হিসেবে প্রয়োজনীয় দলিলাদির সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

০৩। আগামী ০১ জানুয়ারি ২০২৫ তারিখে বর্ণিত রোল নম্বরধারী কোনো প্রার্থী নির্দেশিত ফরম ও কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে কর্পোরেশনে নিয়োগের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(এস. এম. সিরাজুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ই-মেইল: agm\_hr@icb.gov.bd

ফোন : ০২-৪১০৫০৬১৭

